

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জনপ্রশাসন মন্ত্রণালয়

বিসিএস প্রশাসন একাডেমি


শাহবাগ, ঢাকা-১০০০

(তথ্য প্রযুক্তি শাখা)

www.bcsadminacademy.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ১২/০১/২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির সভায় বিসিএস প্রশাসন একাডেমির জন্য গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন

ক্রমিক	জনপ্রশাসন মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভায় বিসিএস প্রশাসন একাডেমির জন্য গৃহীত সিদ্ধান্তসমূহ	বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন
০১।	বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিতে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার যথাযথ বাস্তবায়ন অব্যাহত রাখতে হবে	বাংলাদেশ সিভিল সার্ভিস প্রশাসন একাডেমিতে শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা যথাযথ বাস্তবায়ন অব্যাহত রয়েছে। একাডেমিতে নিয়মিত নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের নৈতিকতা কমিটির সভায় বিসিএস প্রশাসন একাডেমির জন্য গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিত করা হয় এবং এ সংক্রান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। এছাড়া, একাডেমির জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০১৯-২০ এর ত্রৈমাসিক প্রতিবেদন একাডেমির নৈতিকতা কমিটির সভায় পর্যালোচনা ও অনুমোদনক্রমে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।
০২।	সকল কোর্সে SDG বিষয়টি অন্তর্ভুক্ত করতে হবে।	একাডেমিতে পরিচালিত আইন ও প্রশাসন কোর্সে এসডিজি বিষয়ে পৃথক মডিউল রয়েছে। এছাড়াও বুনিয়াদি প্রশিক্ষণসহ অন্যান্য শর্টকোর্সসমূহেও এসডিজি বিষয়ে বিভিন্ন মডিউল অন্তর্ভুক্ত রয়েছে। একাডেমিতে বর্তমান ও সাবেক এসডিজি বিষয়ক সমন্বয়কসহ অন্যান্য অভিজ্ঞ অতিথি বক্তাদের এসডিজি বিষয়ে লেকচার প্রদানের জন্য আমন্ত্রণ জানানো হয়। এছাড়া, এসডিজি বিষয়ে একটি ওয়ার্কশপ আয়োজন করা হয়। ক্লাস লেকচার, এ্যাসাইনমেন্ট এবং ওয়ার্কসপের মাধ্যমে এসডিজি এর বিভিন্ন গোল, টার্গেট ও ইন্ডিকেটর বিষয়ে প্রশিক্ষণার্থীদের সার্বিক ধারণা প্রদান করা হয়।
০৩।	বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠানে চলমান বুনিয়াদি প্রশিক্ষণসমূহে মূল্যায়নের ক্ষেত্রে চলমান সকল অসামঞ্জস্যতা দূত দূরীভূত করে একই স্ট্যান্ডার্ডে প্রশিক্ষণার্থী মূল্যায়ন করতে হবে।	বিসিএস প্রশাসন একাডেমিতে চলমান বুনিয়াদি প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীদের মূল্যায়নের ক্ষেত্রে বিপিএটিসির নীতিমালা অনুসরণ করা হয়। আইন ও প্রশাসন প্রশিক্ষণ কোর্সসহ একাডেমিতে পরিচালিত অন্যান্য প্রশিক্ষণে একাডেমি কর্তৃক প্রণীত প্রশিক্ষণ মূল্যায়ন পদ্ধতি, ২০১৭ অনুসরণ করা হয়। প্রশিক্ষণার্থীদের অবগতির জন্য উক্ত প্রশিক্ষণ মূল্যায়ন পদ্ধতি সকল প্রশিক্ষণ গাইডলাইনে সন্নিবেশিত করা হয়।
০৪।	একাডেমিতে e-GP, e-Filing ১০০% বাস্তবায়নের ব্যবস্থা নিতে হবে	e-Filing ব্যবহারের উপর অধিকতর গুরুত্বারোপ করা হয়েছে। ছোট দপ্তর/সংস্থা ক্যাটাগরিতে বিসিএস প্রশাসন একাডেমি ফেব্রুয়ারী, ২০২০ মাসে ১৮৬টি প্রতিষ্ঠানের মধ্যে ২৪ তম অবস্থানে রয়েছে। একাডেমিতে ই-ফাইলিং এবং ই-জিপি ১০০% বাস্তবায়ন করার জন্য প্রচেষ্টা অব্যাহত রয়েছে।


২৬/০১/২০২০

বদরুন নেছা
সেক্টর (সচিব)